

বাংলাদেশ সহকারী হাই কমিশন
বার্মিংহাম

১৯.০৩.৪৪০২.১০১.০৮.০১৯.২৩-০৯

০৮ জুলাই ২০২৩

শোক বিজ্ঞপ্তি

অতীব দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বার্মিংহামে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক মিসেস বদরুন নেছা পাশা এমবিই আজ ৮ জুলাই ২০২৩ তারিখ রোজ শনিবার সকাল ৭টা ২৩ মিনিটে বার্মিংহামে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন **إِنَّا لِلَّهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُونَ**)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ৮৩ বছর। তিনি দীর্ঘদিন ধরে দুরারোগ্য ব্যাধি ক্যান্সারে আক্রান্ত ছিলেন।

০২। মিসেস পাশা যুক্তরাজ্যে মহান মুক্তিযুদ্ধের পক্ষে প্রবাসীদের ঐক্যবদ্ধ করতে অগ্রণী ভূমিকা পালন করেন। তিনি বার্মিংহামে মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক মরহুম জনাব আজাদ মোহাম্মদ জগলুল পাশা এঁর সহধর্মিনী ছিলেন। মৃত্যুকালে তিনি একপুত্র, এক কন্যা ও অসংখ্য গুণগ্রাহী রেখে গিয়েছেন।

০৩। মিসেস বদরুন নেছা পাশা এমবিই- এঁর মৃত্যুতে যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের মান্যবর হাই কমিশনার মির্জা সাইদা মুনা তাসনীম, বার্মিংহামে নিযুক্ত বাংলাদেশের সহকারী হাই কমিশনার জনাব মোঃ আলীমুজ্জামান এবং দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী গভীর শোক প্রকাশ করেছেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করেছেন।



(স্বর্ণালী চন্দ)
দূতালয় প্রধান